# Times Today BD

আজিজুল ইসলাম বারী | রংপুর | 12 May, 2025

লালমনিরহাটের কালীগঞ্জ উপজেলার মদাতী ইউনিয়নের কইটারী মধ্যপাড়া এলাকায় ভয়াবহ অগ্নিকাণ্ডে তিনটি ঘর পুড়ে ছাই হয়ে গেছে।

সোমবার (১২মে)রাত ৩টার দিকে বৈদ্যুতিক শর্ট সার্কিট থেকে আগুনের সূত্রপাত হয়।এতে দু'টি বসতঘরসহ তিনটি ঘর সম্পূর্ণ ভস্মীভূত হয়। ঘর দু'টিতে থাকা নগদ অর্থ, স্বর্ণালংকার ও আসবাবপত্রসহ পুড়ে প্রায়  ৮লাখ টাকার ক্ষয়ক্ষতি হয়েছে।বাড়ীর মালিক কামাল হোসেন জানান, সোমবার গভীর রাতে তার ঘরে দাউ দাউ করে আগুন জ্বলতে শুরু করে।তিনি চিৎকার করলে আশপাশের লোকজন ছুটে এসে আগুন নিয়ন্ত্রণের চেষ্টা চালায় এবং সঙ্গে সঙ্গে কালীগঞ্জ ফায়ার সার্ভিস স্টেশনে খবর দেন।

খবর পেয়ে ফায়ার সার্ভিসের একটি ইউনিট ঘটনাস্থলে এসে প্রায় এক ঘণ্টাব্যাপী চেষ্টার পর আগুন নিয়ন্ত্রণে আনে।ততক্ষণে ঘরের সব মালামাল পুড়ে ছাই হয়ে যায়।

কালীগঞ্জ  ফায়ার সার্ভিসের ভারপ্রাপ্ত স্টেশন অফিসার শরিফুল ইসলাম জানান, বৈদ্যুতিক শর্ট সার্কিট থেকে আগুন লেগেছে বলে ধারণা করা হচ্ছে।খবর পেয়ে ফায়ার সার্ভিসের কর্মীরা প্রায় ঘন্টা খানেক চেষ্টা করে আগুন নিয়ন্ত্রণে আনে।প্রাথমিক ভাবে ক্ষয়ক্ষতির পরিমান জানা যায়নি।

বৈদ্যুতিক শর্ট আগুন

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 15:01

URL: https://www.timestodaybd.com/rangpur/2370775807